

এই মেঘ

এস. এম. মাহবুব মুর্শেদ

এই মেঘ কেটে গেলে থেমে যাবে বৃষ্টি

আমাদের ছায়া ঢাকা এই প্রিয় শহরে
কেন যেন হানা দেয় বিষণ্ণ বিকেল,
কোথায় সিন্ত হয় রমরমা আড্ডা
নীরবে হারিয়ে যায় সোনাঝরা সময়।

তবু জানি একদিন থেমে যাবে বৃষ্টি
জাগবে নতুন আলো বলে দেয় হাওয়া,
মজুর ভরসা পাবে দুটো মুঠো ভাতের
এরই জন্ম আমি লড়ে যাই প্রানপণ।

নীচে চেয়ে দেখি আছি পুঁজিবাদী শিকড়ে
নিজেই ঘনায় করি মূলে কুঠারাঘাত,
আহত ব্যথিত আমি পুষে চলি স্বপ্ন
এই জাতি সাম্যবাদী জাগরনে মগ্ন।

এই মেঘ কেটে গেলে থেমে যাবে বৃষ্টি
রোদের সমুখে পড়ে শেষ অনাসৃষ্টি ॥

৩০ শে অগাস্ট ১৯৯৭
রাত ১২ টা ১০